

সি পি আই (এম) ত্রিপুরা রাজ্য সম্পাদকমন্ডলীর  
পক্ষ থেকে নিম্নলিখিত বিবৃতি দেয়া হয়েছে :

তারিখ- ১৫-১০-২০১৮

রাজ্যের বিশিষ্ট সাংস্কৃতিক কর্মী কমল মজুমদারের মৃত্যুতে সি পি আই (এম) ত্রিপুরা রাজ্য সম্পাদকমন্ডলী গভীর শোক প্রকাশ করছে। আজ সকালে তিনি কলকাতায় একটি নার্সিং হোমে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। তিনি দীর্ঘদিন ধরে ডায়াবেটিক রোগে ভুগছিলেন। তাঁর বয়স হয়েছিল ৭৭ বছর।

কমল মজুমদার রাজ্যের একজন প্রথম শ্রেণির ঠিকেদার ছিলেন এবং পাশাপাশি সাংস্কৃতিক কর্মকাণ্ডের সাথে প্রত্যক্ষভাবে যুক্ত ছিলেন। তিনি ছিলেন একজন নাট্য অভিনেতা। বিভিন্ন সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজনে তিনি উদ্যোগী ভূমিকা নিতেন। সি পি আই (এম) ত্রিপুরা রাজ্য দপ্তর, পশ্চিম জেলা ও সদর মহকুমা দপ্তর নির্মাণ সহ আগরতলা ও অন্যান্য শহরে বহু বিল্ডিং তাঁর হাতেই নির্মিত। তিনি সি পি আই (এম) সদস্য ছিলেন।

সি পি আই (এম) রাজ্য সম্পাদকমন্ডলী কমরেড কমল মজুমদারের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জানাচ্ছে। তাঁর স্ত্রী, ছেলে-মেয়ে ও পরিবারের অন্যান্য সদস্যদের গভীর সমবেদনা জানাচ্ছে।

২৪ বিপ্লব দীক্ষ  
সি পি আই (এম)  
রাজ্য দপ্তরের পক্ষে

প্রতি  
বার্তা সম্পাদক/সংবাদ প্রতিনিধি

, আগরতলা

বিবৃতিটি প্রচার/প্রকাশের জন্য পাঠানো হলো।